# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى الْمَغْرِبَ بِسُورَةِ (الْأَعْرَافِ)
فَرَّقَهَا فِي رَكْعَتَيْنِ. رَوَاهُ النَّسَائِيّ

## বাংলা

৮৪৭-[২৬] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরাহ্ আল আ'রাফ দু' ভাগে ভাগ করে মাগরিবের সালাতের দু' রাক্'আতে তিলাওয়াত করলেন। (নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১/১৯৭, নাসায়ী ৯৯১, আবূ দাঊদ ৮১২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস প্রমাণ করে যে, সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর জন্য এটা বৈধ যে, তিনি ফরয সালাতেও একটি সূরাহ্ ভাগ করে অংশ বিশেষ এক রাক্'আতে এবং অন্য অংশ আরেক রাক্'আতে পাঠ করতে পারেন। তা মাকরূহ নয়। তবে ইমাম মালিক (রহ্ঃ) একই সূরাহ্ ভাগ করে দু' রাক্'আতে পাঠ করা মাকরূহ মনে করতেন। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনটি করেছেন বলে তার নিকট হাদীস পৌঁছেনি। ইবনু 'আবদুল বার এমনটিই বলেছেন। আর এটিই সঠিক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55406

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন